# বিদেশগামী যাত্রীদের ফ্লাইটের টিকিট বুকিংয়ে নতুন নীতিমালা

- A Monitor Desk Report | Date: 09 February, 2025




**ঢাকাঃ বিদেশগামী যাত্রীদের টিকিট বুকিংয়ে নতুন নীতিমালা জারি করেছে সরকার। এখন থেকে যাত্রীর নাম, পাসপোর্ট নম্বর ও পাসপোর্টের কপি ছাড়া অগ্রিম ফ্লাইট টিকিট বুকিং করা যাবে না। প্রবাসীকল্যাণ মন্ত্রণালয়ের এক সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে।**

সভায় বাংলাদেশ থেকে বিদেশ ভ্রমণের বিভিন্ন পর্যায়ে ফ্লাইটের টিকিটের উচ্চমূল্য পর্যালোচনাসহ যৌক্তিক মূল্য নির্ধারণের বিষয়টি আলোচিত হয়। সভায় সভাপতিত্ব করেন প্রবাসীকল্যাণ উপদেষ্টা আসিফ নজরুল। সভা শেষে মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে নতুন নিয়মের বিষয়টি জানানো হয়।

**নতুন নিয়ম ও বিধিনিষেধ**

বিজ্ঞপ্তিতে বলা হয়, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এখন থেকে নিশ্চিত করবে যে যাত্রীর নাম, পাসপোর্ট নম্বর ও পাসপোর্টের কপি ছাড়া কোনো টিকিট বুকিং করা না যায়। বৃহস্পতিবার থেকে বুকিং করা টিকিট ৭২ ঘণ্টার মধ্যে ইস্যু না হলে, তা স্বয়ংক্রিয়ভাবে বাতিল করবে এয়ারলাইনস।

এছাড়া, আগামী বৃহস্পতিবার পর্যন্ত এয়ারলাইনস বা ট্রাভেল এজেন্সির গ্রুপ বুকিংয়ের মাধ্যমে ব্লক করা টিকিটের ক্ষেত্রে, পরবর্তী ৭ দিনের মধ্যে ভ্রমণকারীর নাম, পাসপোর্ট নম্বর ও পাসপোর্ট কপিসহ টিকিট ইস্যু নিশ্চিত করতে হবে। অন্যথায়, তিন দিনের মধ্যে সংশ্লিষ্ট এয়ারলাইনস টিকিট বাতিল করবে।

**টিকিটের উচ্চমূল্যের কারণ চিহ্নিত**

সভায় ফ্লাইট টিকিটের অস্বাভাবিক মূল্যবৃদ্ধির বিভিন্ন কারণ চিহ্নিত করা হয়েছে। এর মধ্যে অন্যতম হলো নাম, পাসপোর্ট ও ভিসা ছাড়া গ্রুপ বুকিং ব্যবস্থা। অনেক ট্রাভেল এজেন্সি যাত্রীদের প্রয়োজনীয় নথিপত্র ছাড়াই শুধু ই-মেইলের মাধ্যমে সিট ব্লক করে রাখে। এতে প্রকৃত যাত্রীদের জন্য টিকিট পাওয়া কঠিন হয়ে যায় এবং এজেন্সিগুলো সিন্ডিকেট তৈরি করে কৃত্রিম সংকট সৃষ্টি করে।

বিশেষ করে মধ্যপ্রাচ্যগামী কিছু এয়ারলাইনস ফ্লাইটের অনেক আগেই অধিক মুনাফার জন্য টিকিট ব্লক করে রাখে। রিয়াদ, দাম্মাম, জেদ্দা,

ওমান, দোহা ও কুয়ালালামপুরসহ বিভিন্ন রুটে এ সমস্যা সবচেয়ে বেশি লক্ষ্য করা গেছে। এছাড়া, কিছু এয়ারলাইনস ফ্লাইট বন্ধ করে দেওয়ার কারণেও টিকিটের দাম বেড়ে গেছে বলে সভায় আলোচনা হয়।

**তদন্ত কমিটি ও টাস্কফোর্স গঠন**

টিকিটের মূল্যবৃদ্ধির সঙ্গে জড়িতদের চিহ্নিত করতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জ্যেষ্ঠ সচিবকে সভাপতি করে সাত সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। কমিটিকে আগামী ১৫ কার্যদিবসের মধ্যে প্রতিবেদন জমা দিতে বলা হয়েছে। এছাড়া, টিকিটের উচ্চমূল্যের বিষয়টি সার্বক্ষণিক তদারকির জন্য সংশ্লিষ্ট সংস্থাগুলোর ১৩ সদস্যের সমন্বয়ে একটি টাস্কফোর্স গঠন করা হয়েছে।

সরকারের এ পদক্ষেপের ফলে ভবিষ্যতে বিদেশগামী যাত্রীদের টিকিট পাওয়া সহজ হবে এবং টিকিটের মূল্য নিয়ন্ত্রণে থাকবে বলে আশা করা হচ্ছে।

-B